রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
শঠিবাড়ী, রংপুর।
আইটি বিভাগ
www.pbs1.rangpur.gov.bd

নম্বর ২৭.১২.৮৫৫৮.৫১৪.০১.০৩৮.২২.২৭৩৮

তারিখ: ১১ শ্রাবণ ১৪২৯
২৬ জুলাই ২০২২

দরপত্র বিজ্ঞপ্তি

বিষয়: **Network Accessories ক্রয় ও স্থাপনের জন্য RFQ (রিকুয়েষ্ট ফর কোটেশন) আহবান সংক্রান্ত।**

নিম্নের বর্ণনা অনুযায়ী রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক পবিসের নিজস্ব তহবিলের আওতায় নিম্নের স্পেসিফিকেশন ও বর্ণনা অনুযায়ী পীরগঞ্জ জোনাল অফিসের জন্য Network Accessories ক্রয় ও স্থাপনের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারীর নিকট হতে সীলমোহরকৃত কোটেশন (RFQ) আহবান করা যাচ্ছে।

(ক) **দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়ঃ ০২/০৮/২০২২খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকা পর্যন্ত।**
(খ) **দরপত্র দাখিলের স্থানঃ** (০১) পরিচালক, পবিস ব্যবস্থাপনা পরিচালন (উ:অ:) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, জোয়ার সাহারা, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (০২) সিনিয়র জেনারেল ম্যানেজার, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, শঠিবাড়ী, রংপুর এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বক্স। **দরপত্রসমূহ ০২/০৮/২০২২খ্রিঃ তারিখেই বেলা ১১:৩৫ ঘটিকার সময় উভয় স্থানেই দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।**

**ক্রয়তব্য Network Accessories -এর বিবরণ ও স্পেসিফিকেশনঃ**

| নং | বিবরণ | পরিমাণ | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ০১। | Switch, 24-Ports 10/100 & 2-Ports 10/100/1000 base including supplying installation complete with other accessories.<br>**Brand**: CISCO | ২ টি | | |
| ০২। | UTP Cable. Cat-6 including supply and installation complete with other components through plastic channel.<br>Brand: Micronet or Rosenberger CAT.6 UTP Cable (Original) | ২,৫০০ ফুট (আনুমানিক) | | |
| ০৩। | Connector RJ-45 including supply fitting & fixing etc. complete. | ১০৮ টি | | |
| ০৪। | Surface Mount Moduler (Single) complete set for Cat-6. | ৩৪ টি | | |
| ০৫। | Switch Rack 9U | ১ টি | | |
| | ( **As per Attaced Spacification : Annex-1** ) | | মোট = | |

In Words: ……………………………………………………………………………………………………………………

**শর্তাবলীঃ-**

০১। দরপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে **"Network Accessories ক্রয় ও স্থাপনের দরপত্র"** কথাটি লিখে দিতে হবে।

০২। দরদাতা প্রতিষ্ঠানকে **দরপত্রের সাথে হাল নাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর ও ভ্যাট রেজিষ্ট্রেশন সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।**

০৩। অফার আইটেমের স্পেসিফিকেশন প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দাখিল করতে হবে।

০৪। অফারকৃত স্পেসিফিকেশনের স্বপক্ষে **Component** এর মূল **Printed Catalog/Brochure** অবশ্যই দাখিল করতে হবে।

০৫। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে মালামাল সরবরাহসহ স্থাপন, টেষ্টিং ও চালু করণের কাজ সম্পাদন করতে হবে।

০৬। মালামালসমূহ নিজ খরচে অত্র পবিসের পীরগঞ্জ সাব জোনাল অফিসে স্থাপন করতে হবে। মালামালসমূহের গুনগত মান পরিদর্শন কমিটি কর্তৃক যাচাই করা হবে। মালামালসমূহ বর্ণিত অফিসে স্থাপনের পর পরিদর্শন কমিটি কর্তৃক পুনরায় পরিদর্শন করা হবে।

০৭। পবিসের প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে। তবে সে অনুযায়ী স্থানীয় বাজারে না পাওয়া গেলে প্রদত্ত স্পেসিফিকেশনের বিপরীতে আপার মডেল প্রদান করা যাবে, তবে এই ক্ষেত্রে অফারকৃত মালামালের যথেষ্ট কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরণীসহ) থাকতে হবে।

০৮। মালামাল সরবরাহকালে প্রত্যেক মালামালের সাথে সরবরাহকারীর নাম, কার্যাদেশ নং, তারিখ ও ক্রমিক নং সম্বলিত একটি স্টিকার লাগানো থাকতে হবে।

০৯। **নেটওয়ার্ক এক্সেসরিজ সমূহ সরবরাহ করার পর পবিস নির্দেশিকা ৩০০-৩৬ এর আলোকে পরিদর্শন করে নিতে হবে**। তবে প্রয়োজনে যে কোন আইটেম/সকল আইটেম বাপবিবোর্ডের আইসিটি দপ্তর পরিদর্শন করতে পারবে।

১০। দরপত্রে একক ও মোট উদ্ধৃত দরের মধ্যে কোন গাণিতিক ভুল থাকলে একক দর গ্রহণযোগ্য দর হিসাবে বিবেচনা করা হবে।

১১। মালামাল ডেলিভারী গ্রহণের প্রাক্কালে মালামালের গুণাগুণ যাচাই সাপেক্ষে বিল ও চালান দাখিল করতঃ সরবরাহকারী প্রতিষ্ঠানকে সমিতি কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে মূল্য পরিশোধ করা হবে। বিল হতে সরকারী নিয়মানুযায়ী সকল ধরনের ট্যাক্স ও ভ্যাট কর্তন করা হবে।

১২। যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের কার্য্যাদেশ মূল্যের ১% এর $^{১}/_{১০}$ অংশ হিসাবে সরবরাহকৃত মালামালের মূল্য হতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্য্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৩। বর্ণিত মালামাল স্থাপনের পর মালামালের জন্য **১ বছরের জন্য পূর্ণ ওয়ারেন্টি, ২য় ও ৩য় বছরের জন্য ফ্রি সার্ভিস** প্রদান করতে হবে।

১৪। সফল দরদাতাকে কার্য্যাদেশ প্রদান করা হলে কার্য্যাদেশ ইস্যুর ১০ দিনের মধ্যে মালামাল সরবরাহ করতে হবে।

১৫। দরপত্রে সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

১৬। রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২৬-৭-২০২২
প্রকৌঃ হরেন্দ্র নাথ বর্মন
সিনিয়র জেনারেল ম্যানেজার
ইমেইল:
rangpurpbs1@yahoo.com

অনুলিপি (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড | (বাপবিবোর্ডের ওয়েব সাইটে RFQ টি প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৩) জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা।
৪) পুলিশ সুপার, রংপুর/গাইবান্ধা।
৫) উপজেলা নির্বাহী কর্মকর্তা, মিঠাপুকুর/পীরগাছা/পীরগঞ্জ/সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর।
৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর/গাইবান্ধা।
৭) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বাপবিবো, রংপুর
৮) জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার, ....................................পবিস-১/২/৩/৪।
৯) এজিএম/ডিজিএম, সকল জোনাল/সাব-জোনাল অফিস, রংপুর পবিস-১।
১০) এজিএম (অর্থ-হিসাব), অর্থ (হিসাব) বিভাগ, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
১১) এজিএম (আইটি-১) (চলতি দায়িত্ব), আইটি বিভাগ, রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ | (অত্র পবিস এর ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)